

# ঘুরে দাঁড়াতে বাণিজ্যিক গাড়িতে জোর হিন্দ মোটরসের

নিজস্ব সংবাদদাতা: ঘুরে দাঁড়াতে বাণিজ্যিক গাড়ির উপরেই ভরসা করছে হিন্দুস্তান মোটরস। বাণিজ্যিক ব্যবহারের জন্য যাত্রী-গাড়িও তৈরি করবে সংস্থাটি। চলতি আর্থিক বছরে মোট ৪টি নতুন গাড়ি বাজারে আনছে সংস্থা। সব কিছু ঠিকঠাক চললে সংস্থার আশা, ২০১৩-'১৪ সালে লাভের মুখ দেখবে তারা।

সোমবার নতুন বাণিজ্যিক গাড়ি 'বীর' বাজারে আনল হিন্দুস্তান মোটরস। সেই অনুষ্ঠানেই উত্তরপাড়া কারখানার জমি বিক্রির টাকা সংস্থায় লগ্নি নিয়ে রাজ্যের তদন্তের বিষয়ে প্রশ্ন করা হয় সংস্থার এমডি মনোজ ঝাকে। এ দিনও তিনি দাবি করেন, রাজ্য তাঁদের 'শো-কজ' করেনি। কিছু বিষয়ের ব্যাখ্যা চেয়েছিল। এবং তাঁরা তা দিয়ে দিয়েছেন। গত সপ্তাহে সংস্থার চেয়ারম্যান সি কে বিড়লা-ও একই দাবি করেন।

এ দিকে, উত্তরপাড়ায় অ্যান্ডাসাডরের প্ল্যাটফর্মেই বীর গাড়িটি তৈরি হয়েছে। ঝা জানান, অক্টোবরের মধ্যে উত্তরপাড়া কারখানায় তৈরি হবে আরও দুটি গাড়ি। প্রথমটি হবে সাত-আট-নয় আসনের যাত্রী-গাড়ি। অন্যটি ছোট বাসের মতো, ১০ ও ১১ আসন বিশিষ্ট। ডিজেল ও সিএনজি-চালিত দুটি গাড়িই বাণিজ্যিক ব্যবহারের জন্য তৈরি করা হবে।

অন্য দিকে, বছর শেষে চেন্নাইয়ের কারখানায় মিৎসুবিশির সাত আসনের নতুন আউটল্যান্ডার তৈরি করবে হিন্দুস্তান মোটরস। আর নতুন বছরের গোড়ায় বাজারে আসবে একটি সম্পূর্ণ নতুন এসইউভি।

ঝা জানান, আগামী দিনে তাঁরা বাণিজ্যিক গাড়িই বেশি তৈরি করবেন। কারণ এ ধরনের গাড়ির চাহিদা জোগানের তুলনায় বেশি বলে ব্যবসার সুযোগও বেশি।

তবে আধুনিক ও উন্নত অ্যান্ডাসাডর নির্মাণের কাজ চালিয়ে যাবে হিন্দুস্তান মোটরস। ঝা জানান, 'ভারত স্টেজ-৪' বিধি সহায়ক নতুন অ্যান্ডাসাডর শীঘ্রই বাজারে আসবে। এ ছাড়া নতুন একটি অ্যান্ডাস্যাডর তৈরির জন্য ইউরোপীয় সংস্থার সঙ্গে গাঁটছড়া বেঁধেছেন তাঁরা। আগামী বছর সেটিও বাজারে আসবে বলে আশা তাঁদের।